শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

ফোন # ০৭৪১-৬২৫৯৯
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www.pbs1.naogaon.gov.bd

স্মারক নং- ২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২১. ১১৪৮

তারিখ- ১৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ।
০১ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| নিয়োগ বিজ্ঞপ্তি নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০২। ২০২০-২০২১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী মূল বেতন ১৪৭০০.০০ টাকা অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান যোগ্য। | ০১। **বয়স সীমা:** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২২/০৩/২০২১খ্রিঃ তারিখে)। সর্বোচ্চ ৫৫ বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন।<br>০২। **অভিজ্ঞতা:** আগ্রহী প্রার্থীগণের মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন)বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। বর্তমানে পবিসে কর্মরত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) যাদের ৩য় চুক্তির মেয়াদ আগামী ৩০/০৪/২০২১ খ্রিঃ তারিখে শেষ হবে তারাও আবেদন করতে পারবেন।<br>০৩। **অন্যান্য যোগ্যতা:**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে।<br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের জন্য মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ দান করা হবে। চুক্তিকালীন কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন (ইতোপূর্বে তদন্ত করা না হলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার ২/১ টি কর্মদিবস বিরতি দিয়ে একই পদে পূনরায় ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ ৩ বার বা ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

**শর্তাবলী:**

০১। আবেদন পত্র পূরণ ও জমাদান : নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.naogaon.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) **ডাইনলোড পুর্বক নিজ হাতে পুরণ করে** আগামী ২২/০৩/২০২১খ্রিঃ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এর দপ্তরে আবেদনপত্র ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে (খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখসহ) পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র বিবেচিত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে:**

(ক) ০৩(তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। **অন্যান্য শর্তাবলী:**

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা,জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

(গ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার/ম্যাসেঞ্জার /মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঝ) নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা এমন কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)দের আবেদন করার প্রয়োজন নাই।

(ঞ) প্রাপ্ত আবেদন পত্র সমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পাদন পূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে (On Job Service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ড এর স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(ট) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো}
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..........................১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৭। সকল ডিজিএম, নওগাঁ পবিস-১।
০৮। সকল এজিএম, নওগাঁ পবিস-১।
০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), নওগাঁ পবিস-১।– ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১০। নোটিশ বোর্ড, সদর দপ্তর, নওগাঁ পবিস-১।

জেনারেল ম্যানেজার
নওগাঁ পবিস-১।